

স্মারক নং-সএক/ ৫৭৮

তারিখ: ২৪/০৬/২০১৮ খ্রি.

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি ও নিয়মাবলী

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, অত্র কলেজে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়ার সকল কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন হবে। ভর্তির জন্য বোর্ড কর্তৃক নির্বাচিত ছাত্র-ছাত্রীদের নিম্নে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী ভর্তি কার্যক্রম চলবে। তাদেরকে অন-লাইনে পূরণকৃত ভর্তি ফর্ম তথ্য সম্বলিত প্রিন্টকৃত ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হ'ল। উল্লেখ্য, নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তাদের মনোনয়ন আপনা আপনি বাতিল হয়ে যাবে।

অন-লাইনে ভর্তি ফরম পূরণ ও কলেজে জমাদানের তথ্যঃ

শাখা	অন-লাইনে ভর্তি ফর্ম জমাদান ও ভর্তি ফরম পূরণের তারিখ	ভর্তি ফর্ম পরিমাণ	টাকা জমা	কলেজে ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তারিখ	সময়
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা	২৭/০৬/২০১৮ হতে ৩০/০৬/২০১৮ পর্যন্ত	২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র	ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Biller ID-2133 তে জমা দিতে হবে।	২৭/০৬/১৮ হতে ২৮/০৬/১৮ এবং ৩০/০৬/১৮	সকাল ১১:০০ টা হতে বেলা ২:০০ টা

অন-লাইনে ভর্তি প্রক্রিয়া: (Biller ID, SSC Roll No সহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য ভুল হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী দায়ী থাকবে, কলেজ কর্তৃপক্ষ কোন দায় বহন করবে না)

১ম ধাপঃ ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং (রকেট)-এর মাধ্যমে Biller ID- 2133-তে কলেজের পাওনা ২০০০/- (দুই হাজার) টাকা প্রদান করতে হবে।

টাকা প্রদানের নিয়মঃ মোবাইল থেকে Dial *322# >Replay-1 (payment) >Replay-1 (Bill pay) > 1.self 2.others. (others হলে Student's এর Mobile No দিতে হবে) >Replay-1(Biller ID) > 2133 > Replay (Bill No) > Student's SSC Roll No > Amount (Tk-2000) টাকা > মোবাইল ব্যাংকিং একাউন্টের ৪ ডিজিটের গোপন পিন নম্বর (****) > Successful sms.

Successful sms-এ প্রতিটি লেনদেনের জন্য পৃথক ট্রানজেকশন আইডি নম্বর পাওয়া যাবে।

২য় ধাপঃ (i) ওয়েব সাইট <http://www.bigm-bd.com/edward/> -এ প্রবেশ করতে হবে। (ii) XI Class Admission-2018 অপশনে ক্লিক করতে হবে। (iii) শিক্ষার্থীর ssc রোল নম্বর ও ডাচ বাংলা ব্যাংকের Transxition ID ব্যবহার করে Login করতে হবে। (iv) প্রয়োজনীয় তথ্যাদিসহ ভর্তির চূড়ান্ত ফরম পূরণ করে submit করতে হবে। (v) Yes বাটনে ক্লিক করতে হবে। Successful লেখা আসবে এবং Download App অপশনে ক্লিক করে ভর্তি ফরম Download করতে হবে। (vi) ভর্তি ফর্মের প্রিন্ট নিতে হবে। (vii) Logout বাটনে ক্লিক করে বের হয়ে আসতে হবে। এবং পুনরায় নতুন শিক্ষার্থীর ssc রোল নম্বর ও Transxition ID ব্যবহার করে Login করতে হবে।

(বি.দ্র.: প্রিন্টকৃত ভর্তি ফরমে টাকা জমার তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হবে, আলাদা ভাবে পে-স্লিপ প্রিন্ট করতে হবে না।)

ক্লাস শুরু তারিখ: ০১/০৭/২০১৮

ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

১. অন-লাইন থেকে প্রাপ্ত চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ও মূল আবেদন ফর্মের ফটোকপি- ১টি।
২. এস এস সি বা সমমান পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও মূল ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
৩. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি ও প্রশংসাপত্রের ফটোকপি- ১টি।
৪. এস এস সি বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি।
৫. সদ্য তোলা ২ কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি।
৬. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট-এর ফটোকপি।
৭. নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও ক্লাস রোল নং সম্বলিত লেখা A4 সাইজের খাম ১টি।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

আহবায়ক

উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০১৮-১৯
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

তারিখ: ২৪/০৬/২০১৮ খ্রি.

স্মারক নং-সএক/ ৫৭৮/২২

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ


- ১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)।
- ২০। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা (বিজ্ঞপ্তি কলেজ ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ২৫। এরিয়া ম্যানেজার, ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং, পাবনা শাখা, তুলাপট্টা, পাবনা।
- ২৬। প্রোগ্রামার, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ২৭। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ২৮। নোটিশ বোর্ড।
- ২৯। অফিস নথি।

আহবায়ক

উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০১৮-১৯ P.T.O
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

বি.দ্র. কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের অত্র কলেজে ভর্তির ক্ষেত্রে করণীয়ঃ

আগামী ২৭/০৬/২০১৮ তারিখের মধ্যে বোর্ড কর্তৃক সব ধরনের কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে কোটা স্বপক্ষে প্রয়োজনীয় সার্টিফিকেট ও কাগজপত্রসহ সাক্ষাত করে অধ্যক্ষ মহোদয়ের নিকট হতে হাতে লেখা আবেদনপত্রে ভর্তির অনুমতি নিতে হবে। অতঃপর, উক্ত আবেদনপত্র ভর্তি কমিটির নিকট জমাদান পূর্বক ভর্তি ফি প্রদান করে ভর্তির অন্যান্য কার্যক্রম সম্পন্ন করতে হবে। কোটার স্বপক্ষে প্রমাণ দেখাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। কোন ক্রমেই অধ্যক্ষ মহোদয়ের অনুমতি ব্যতীত ভর্তি ফি জমা দেয়া যাবে না।


আহবায়ক

উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০১৮-১৯
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

